




গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
ইন্দুরকানী, পিরোজপুর।
indurkani.pirojpur.gov.bd



স্মারক নং : ০৫.১০.৭৯৯০.০০৭.১৮.০৪১.২২- ১৯৭

তারিখঃ ২৪ ফাল্গুন ১৪২৮ বঙ্গাব্দ
০৯ মার্চ ২০২২ খ্রিস্টাব্দ


প্রশিক্ষণ বিজ্ঞপ্তি

ইন্দুরকানী উপজেলার সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, 'উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি)' আওতায় উপজেলা পরিষদ ইন্দুরকানী'র নিম্নবর্ণিত প্রশিক্ষণ কোর্সে বেকার যুবক/যুবতীদের প্রশিক্ষণ প্রদান করা হবে। আগ্রহী প্রার্থীদের নির্ধারিত ফর্মে আবেদন করার জন্য অনুরোধ করা হলো-

ক্র. নং	প্রশিক্ষণ বিবরণ	আসন সংখ্যা	প্রশিক্ষণের মেয়াদ	আবেদনপত্র সংগ্রহ ও জমাদান
০১	ফ্রিল্যান্সিং ও আউটসোর্সিং বিষয়ক প্রশিক্ষণ।	২৫ টি	১৫ দিন	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয়

শর্তসমূহ :

০১. আবেদনকারীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক ও ইন্দুরকানী উপজেলার স্থায়ী বাসিন্দা হতে হবে।
০২. আবেদনকারীর বয়স ০৯ মার্চ ২০২২ খ্রিস্টাব্দে ১৮-৩৫ বছরের মধ্যে হতে হবে।
০৩. আবেদনকারীর শিক্ষাগত যোগ্যতা এইচএসসি শ্রেণি পাশ হতে হবে।
০৪. আবেদনকারীর ল্যাপটপ/ডেস্কটপ থাকতে হবে।
০৫. আবেদনকারীকে বেসিক কম্পিউটার(এমএস ওয়ার্ড, এমএস এক্সেল, এমএস পাওয়ার পয়েন্ট) বিষয়ে পারদর্শী হতে হবে।
০৬. আবেদনকারীর গ্রাফিক্স ডিজাইনের উপর পারদর্শীতা থাকলে অগ্রাধিকার দেওয়া হবে।
০৭. আবেদনপত্রের সাথে সদ্য তোলা ০২(দুই) কপি পাসপোর্ট সাইজের ছবি, সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের ফটোকপি, জাতীয় পরিচয়পত্রের ফটোকপি জমা দিতে হবে।
০৮. আবেদনপত্র ২০/০৩/২০২২ খ্রিঃ বিকাল ৩.০০টার মধ্যে সংশ্লিষ্ট দপ্তরে জমা দিতে হবে।
০৯. আবেদনকারীকে অবশ্যই মৌখিক ও প্রাকটিক্যাল পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। মৌখিক ও প্রাকটিক্যাল পরীক্ষার তারিখ পরবর্তীতে সংশ্লিষ্ট দপ্তর হতে জানানো হবে।
১০. আবেদনপত্র ইন্দুরকানী উপজেলার ওয়েব লিংক- <http://indurkani.pirojpur.gov.bd> এবং সংশ্লিষ্ট দপ্তর হতে সংগ্রহ করা যাবে।
১১. সফলভাবে প্রশিক্ষণ শেষ করা প্রশিক্ষণার্থীদের সনদ প্রদান করা হবে।
১২. প্রশিক্ষণার্থী বাছাই/প্রশিক্ষণ বাতিলসহ যাবতীয় ক্ষমতা যথাযথ কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।



(লুৎফুল্লাহ খানম)
উপজেলা নির্বাহী অফিসার
ইন্দুরকানী, পিরোজপুর।

স্মারক নং : ০৫.১০.৭৯৯০.০০৭.১৮.০৪১.২২- ১৯৭

তারিখঃ ২৪ ফাল্গুন ১৪২৮ বঙ্গাব্দ
০৯ মার্চ ২০২২ খ্রিস্টাব্দ

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে):

- ০১। জেলা প্রশাসক পিরোজপুর।
- ০২। উপ-পরিচালক, স্থানীয় সরকার, পিরোজপুর।
- ০৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ইন্দুরকানী, পিরোজপুর।
- ০৪। উপজেলা.....কর্মকর্তা, ইন্দুরকানী, পিরোজপুর।
- ০৫। সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, ইন্দুরকানী, পিরোজপুর। (এ কার্যালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ সহ)
- ০৬। নোটিশ বোর্ড।


(লুৎফুল্লাহ খানম)
উপজেলা নির্বাহী অফিসার
ইন্দুরকানী, পিরোজপুর।